

নং- ৪০.০১.০০০০.১০৩.৩৫.০০১.১৭.-২৬৮

তারিখঃ ১৭ আষাঢ়' ১৪২৫
০১ জুলাই' ২০১৮।


নিয়োগ বিজ্ঞপ্তি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের বাস্তবায়নাধীন "রিমিডিয়েশন কোঅরডিনেশন সেল এ ন্যাস্ত কারখানাগুলোর ক্যাপ বাস্তবায়ন শীর্ষক প্রকল্প" এর অধীন সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালের (জুন' ২০১৯ পর্যন্ত) জন্য নিম্নবর্ণিত শূণ্য পদে নিয়োগের লক্ষ্যে উল্লেখিত শর্তে আগ্রহী স্থায়ী বাংলাদেশী নাগরিকগণের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | পদের নাম ও বেতনস্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|----|---|-------------|---|
| ১ | হিসাব সহকারি ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক) টি | ১। এইচ,এস,সি (হিসাব বিজ্ঞান / অর্থনীতি সহ) অথবা সমমান। ২। কম্পিউটারের ব্যবহারের ক্ষেত্রে Word Processing, Excel /Data Entry ও Typing কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| ২ | অফিস সহকারি- কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক) টি | ১। এইচ,এস,সি অথবা সমমান। ২। কম্পিউটারের ব্যবহারের ক্ষেত্রে Word Processing / Data Entry ও Typing, কম্পিউটার চালনায় পারদর্শিতা ইত্যাদির সর্বনিম্নগতি নিম্নরূপ: (ক)বাংলা:প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ, (খ)ইংরেজী:প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ |
| ৩ | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- | ০১ (এক) টি | ১। এস,এস,সি অথবা সমমান। |

শর্তাবলীঃ

- আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত ছক পূরণ পূর্বক স্বাক্ষরিত আবেদনপত্র প্রকল্প পরিচালক, কোঅরডিনেশন সেল এ ন্যাস্ত কারখানাগুলোর ক্যাপ বাস্তবায়ন শীর্ষক প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিএফডিসি কমার্শিয়াল কমপ্লেক্স, ২৩-২৪ কাওরান বাজার, ঢাকা- ১২১৫ বরাবরে আবেদন সহ সত্যায়িত ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের ছবি, সকল সনদের সত্যায়িত ফটোকপি এবং মূল সনদ সহ আগামী ১৮.০৭.২০১৮ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় উপস্থিত হওয়ার জন্য বলা হলো।
- ক্রমিক নং ০১ ও ০২ পদের প্রার্থীগণের ব্যবহারিক পরীক্ষা ১৮.০৭.২০১৮ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় গ্রহণ করা হবে এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষা ঐদিনে বিকাল ৩.৩০ ঘটিকায় গ্রহণ করা হবে। ক্রমিক নং ০৩ পদের মৌখিক পরীক্ষা দুপুর ২.০০ ঘটিকায় গ্রহণ করা হবে।
- সকল সনদের ফটোকপি ও ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।
- ক) ১৮-০৭-২০১৮ তারিখে আবেদনকারীর বয়স সর্বনিম্ন ১৮ (আঠার) বৎসর এবং অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর হতে হবে।
খ) ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- খামের উপর অবশ্যই পদের নাম, নিজ জেলা উল্লেখ করতে হবে।
- আবেদন পত্রে কোন ভুল তথ্য প্রদান করা হলে বা কোন প্রকার জালিয়াতির আশ্রয় গ্রহণ করা হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এই বিজ্ঞপ্তি বাতিল করার এবং বিজ্ঞাপিত পদের সংখ্যা কম বা বেশি করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।
- বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি ও আবেদনের নির্ধারিত ছক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ওয়েব সাইডে পাওয়া যাবে। ওয়েবসাইডের ঠিকানাঃ (www.mole.gov.bd এবং www.dife.gov.bd)।



ডাঃ সৈয়দ আবুল এহসান
যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)

ও
প্রকল্প পরিচালক

রিমিডিয়েশন কোঅরডিনেশন সেল এ ন্যাস্ত
কারখানাগুলোর ক্যাপ বাস্তবায়ন শীর্ষক প্রকল্প

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১) সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, বাংলাদেশ।

২) (অতিরিক্ত সচিব) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।

৩) তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা (নিয়োগ বিজ্ঞপ্তিটি দপ্তরের ওয়েবসাইট এ প্রকাশ করার জন্য অনুরোধ সহ)।

৪) বিজ্ঞাপন ব্যবস্থাপক, সমকাল, ১৩৬, তেজগাঁও আই/এ, ঢাকা-১২০৮ (আগামী ০৩.০৭.২০১৮ তারিখের মধ্যে ভিতরের পাতায় ৮" X ৩ কলাম প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

৫) বিজ্ঞাপন ব্যবস্থাপক, The Financial Express, Tropicana Tower (2nd Floor), 45, Topkhana Road, Dhaka-1000. (আগামী ০৩.০৭.২০১৮ তারিখের মধ্যে ভিতরের পাতায় ৮" X ৩ কলাম প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

১০০-১০০-১০০